



মার্কিন-ইসরায়েলি হামলায় আইআরজিসি মুখপাত্র নিহত



সংগৃহীত ছবি

ইরানের প্রভাবশালী সামরিক বাহিনী ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) জানিয়েছে, তাদের মুখপাত্র জেনারেল আলি মোহাম্মদ নাইনি মার্কিন-ইসরায়েলি ক্ষেপণাস্ত্র হামলায় প্রাণ হারিয়েছেন। এ তথ্য আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করেছে তেহরান।

রাষ্ট্রীয় বার্তা সংস্থা তাসনিম সংবাদ সংস্থা টেলিগ্রাম ও এন্সে প্রকাশিত প্রতিবেদনে জানায়, শুক্রবার (২০ মার্চ) ভোরে হামলাটি সংঘটিত হয়। ঘটনাস্থলেই নাইনির মৃত্যু হয় বলে উল্লেখ করা হয়েছে। আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল জাজিরা একই তথ্য জানিয়েছে।

গত ২৮ ফেব্রুয়ারি থেকে ইরান ও ইসরায়েলের মধ্যে সরাসরি সামরিক মুখোমুখি অবস্থান শুরু হলে পরিস্থিতি দ্রুত জটিল হয়ে ওঠে। পরবর্তীতে যুক্তরাষ্ট্র সরাসরি সম্পৃক্ত হওয়ায় উত্তেজনা ছড়িয়ে পড়ে পুরো মধ্যপ্রাচ্য অঞ্চলে।

চলমান সংঘাতে দুই পক্ষই একে অপরের গুরুত্বপূর্ণ সামরিক ও কৌশলগত স্থাপনাগুলোকে লক্ষ্যবস্তু করেছে। ইরানের সামরিক নেতৃত্ব, ক্ষেপণাস্ত্র ঘাঁটি এবং জ্বালানি অবকাঠামোতে হামলার ঘটনা বাড়ছে। পাল্টা জবাবে ইরানও মার্কিন ও তাদের মিত্রদের আঞ্চলিক ঘাঁটি এবং জ্বালানি স্থাপনাগুলোতে আঘাত হানছে।

বিশ্লেষকদের মতে, আইআরজিসির মুখপাত্রের মৃত্যু সামরিক দিকের পাশাপাশি কূটনৈতিক ও মনোবলগত ক্ষেত্রেও বড় ধাক্কা। কারণ এই পদ থেকে আন্তর্জাতিক পরিমণ্ডলে ইরানের সামরিক অবস্থান ও কৌশলগত বার্তা তুলে ধরা হয়।